দৈনিক বাংলা

তারিখ ৫/৬/৮১

পৃঃ ... কলাম ...

009

## পান্ডার খাল বাঁধে পানি নিষ্কাশনের ব্যবস্থা চাই

সিলেট জেলার ছাতক থানার (বর্তমানে দোয়ারা থানার) অন্তর্গত পান্ডার খাল বাঁধ। ১৯৭৪ সালে তদানীন্তন কৃষিমন্ত্রী, সুনামগঞ্জ এলাকার আওয়ামী লীগ নেতা জনাব আবদুস সামাদ আজাদ এবং প্রাক্তন ও বর্তমান সংসদ সদস্য জনাব আঃ হাই মোঃ আবদুল হাসানাতসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিদের একান্ত প্রচেষ্টার ফসল এই পান্ডার খালের বাঁধ। উল্লেখ্য যে, সুনামগঞ্জ একটি ভাটি এলাকার অন্যতম হাওর "দেখার হাওর।" বিরাট বড় এই হাওর ও অন্য কয়েকটি হাওরকে বন্যার সর্বনাশা কবল থেকে রক্ষা করার জন্যে অনেক অর্থ ব্যয়ে নির্মিত এই বাঁধ। কিন্তু এই বাঁধ একদিকে যেমন কৃষকদের মুখে হাসি ফুটিয়েছে অপর দিকে তেমনি দোহালী, দোয়ারাসহ এলাকার জনসাধারণ বিশেষ করে কৃষক সম্প্রদায় ও মাছ ধরে যারা জীবিকা নির্বাহ করে তাঁদের জীবনমরণ সমস্যা হয়ে দাঁড়িয়েছে। কারণ বাঁধে পানি নিষ্কাশনের কোন ব্যবস্থা নেই। এ বিষয়ে স্থানীয় জনসাধারণ অনেক আবেদন নিবেদন করেও কোন ফল পায়নি।

অসহায় কৃষক পরিবারের একজন ছেলে হিসাবে আমি তাই এ বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

মুহিবুর রহমান
সাধারণ সম্পাদক,
ছাত্র ঐক্য কেন্দ্র।